

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৬১

२৫/ ि विकि९मा (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/১২. জোলাব ব্যবহার করা

بَاب دَوَاءِ الْمَشِيّ

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ جَعْفَرٍ، عَنْ زُرْعَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ مَوْلًى، لِمَعْمَرِ التَّيْمِيِّ عَنْ مَعْمَرِ التَّيْمِيِّ، عَنْ أَسْمَاءَ بِنْتِ عُمَيْسٍ، عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَسْمَاءَ بِنْتِ عُمَيْسٍ، قَالَتْ قَالَ لِي رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " بِمَاذَا كُنْتِ تَسْتَمْشِينَ " . قُلْتُ بِالشَّبْرُمِ قَالَ " لَوْ كَانَ شَيْءٌ يَشْفِي مِنَ بِالشَّبْرُمِ قَالَ " لَوْ كَانَ شَيْءٌ يَشْفِي مِنَ الْمَوْتِ " . الْمَوْتِ " . الْمَوْتِ " .

#### বাংলা

১/৩৪৬১। আসমা বিনতে উমাইস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে জিজ্ঞেস করলেনঃ তুমি কিসের জোলাব নাও? আমি বললাম, শুবরুম (ছোলা সদৃশ এক প্রকার দানা) দিয়ে। তিনি বলেনঃ তা তো খুব গরম ঔষধ। অতঃপর আমি সোনামুখী গাছের পাতা দ্বারা জোলাপ নিলাম। তখন তিনি বলেনঃ কোন ঔষধ যদি মৃত্যু থেকে নিরাময় দিতে পারতো তবে তা হতো সোনামুখী গাছ। সোনামুখী যেন মৃত্যু থেকে নিরাময় দানকারী।

## **English**

It was narrated that Asma' bint 'Umais said:

"The Messenger of Allah () said to me: 'What do you use as a laxative?' I said: 'The Shubrum (spurge – Euphorb).' He said: (It is) hot and powerful.' Then I used senna as a laxative and he said: 'If anything were to cure death, it would be senna. Senna is a cure for death.'"

## ফুটনোট



তিরমিয়ী ২০৮১, মিশকাত ৪৫৩৭। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আবদুল হামীদ বিন জা'ফার সম্পর্কে ইবনু হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন, তার শীয়া মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। সুফইয়ান আস-সাওরী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৭০৯, ১৬/৪১৬ নং পৃষ্ঠা) ২. যুরআহ বিন আবদুর রহমান সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৯৮৪, ৯/৩৪৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন